

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাণিজ্য মন্ত্রণালয়  
প্রশাসন-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[www.mincom.gov.bd](http://www.mincom.gov.bd)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মিক.....  
উপ-মিক.....  
সহ-মিক.....  
ক্রমিক নং ১৬৪২ শাখা.....  
তারিখ ২১/৬/১৬

নং-২৬.০০.০০০০.০৮৬.১১.০০৪.১৫-৫০৫

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ, ১৪২৬  
০১ জুন, ২০১৬

### প্রজ্ঞাপন

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৬-০৩-২০১৪ তারিখের এস.আর.ও. নম্বর-৩৪ আইন/২০১৪ ও বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়ের ৩০ জুলাই, ২০১৫ তারিখের ৮০.১০৩.০১১.০০.০০.০১২.২০১৪-১৫২ এবং ০৬ অক্টোবর ২০১৫ তারিখের ৮০.১০৩.০১১.০০.০০.০১২.২০১৪-২০২ নং স্মারক মোতাবেক বাণিজ্য মন্ত্রণালয়ের আওতাধীন আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তরে “নির্বাহী অফিসার” এর শূণ্য পদে নিম্নবর্ণিত ০৭(সাত) জন প্রার্থীকে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলোঃ

| ক্রমিক নং | নাম                   | জেলা      | রেজিস্ট্রেশন নম্বর | সুপারিশের ভিত্তি |
|-----------|-----------------------|-----------|--------------------|------------------|
| ১।        | মফিজুল সরদার          | গোপালগঞ্জ | ০১৪০০৪             | মেধা             |
| ২।        | জাকারিয়া শেখ         | গাজীপুর   | ০৭০৫৬৩             | মেধা             |
| ৩।        | প্রশান্ত বিশ্বাস      | মাদারীপুর | ০৪৮১০৪             | মেধা             |
| ৪।        | ফাহিমদা ছিফাত         | কুমিল্লা  | ০৪৭৬৪০             | মহিলা            |
| ৫।        | মোঃ সফিউল আলম         | পঞ্চগড়   | ০৫৫৪২৩             | মেধা             |
| ৬।        | মোঃ রেজাউল করিম       | বগুড়া    | ০৪৭৫৪২             | মেধা             |
| ৭।        | রায়হানা তাসমিন আহমেদ | ময়মনসিংহ | ০৫৫৪২৩             | মেধা             |

### শর্তাবলী :

- তারা জাতীয় বেতন স্কেল/২০১৫ মোতাবেক বেতনক্রম ১৬,০০০-৩৮৬৪০ অনুযায়ী বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন;
- নিয়োগ প্রাপ্তির পর তাঁদের চাকরি প্রারম্ভিকভাবে ০২(দুই) বছর শিক্ষানবিশকাল হিসেবে গণ্য হবে। শিক্ষানবিশকালে কাজকর্ম ও আচরণ সন্তোষজনক বলে বিবেচিত না হলে শিক্ষানবিশকালের মেয়াদ বর্ধিত করা যেতে পারে। অদক্ষতা, অসদাচরণ বা জনস্বার্থবিরোধী/ভাবমূর্তি ক্ষুণ্ণকারক কোন কর্মকান্ডের সাথে জড়িত থাকার কারণে শিক্ষানবিশকালে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ চাকুরীচ্যুত করতে পারবেন;
- সরকারের প্রচলিত/প্রযোজ্য বিধি-বিধান দ্বারা তাঁদের চাকরি নিয়ন্ত্রিত হবে এবং তাঁদের জ্যেষ্ঠতা পিএসসি কর্তৃক সুপারিশকৃত মেধা ক্রমানুযায়ী নির্ধারিত হবে;
- তাঁদের এ নিয়োগপত্রের পরিপ্রেক্ষিতে তাঁরা আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে যোগদান করবেন এবং যোগদানের সময় তাঁদের বাংলাদেশ সচিবালয়ে কর্মরত সিভিল সার্জনের নিকট হতে সরকারি চাকরির জন্য শারীরিক যোগ্যতা আছে মর্মে সার্টিফিকেট দাখিল করতে হবে;
- চাকুরীতে যোগদানকালীন সময় তাঁদের শিক্ষাগত ও অন্যান্য প্রয়োজনীয় যোগ্যতার মূল সনদপত্র অবশ্যই প্রদর্শন করতে হবে। কোন সনদপত্র ত্রুটিপূর্ণ বা ভূয়া প্রমাণিত হলে কারণ দর্শানো ব্যতিত তাঁদের নিয়োগপত্র বাতিল করার ক্ষমতা নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

০২। উপরোক্ত শর্তাবলী গ্রহণযোগ্য হলে বর্ণিত প্রার্থীগণ আগামী ১৫ জুন, ২০১৬ তারিখ রোজ বুধবার “নির্বাহী অফিসার” পদে যোগদান করবেন। উক্ত তারিখে যোগদান করতে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাঃ

( নুরজাহান খানম )

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫৮৫৩

E-mail: sas.admn1@mincom.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর  
১১১-১১৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা  
ঢাকা-১০০০।

[www.ccie.gov.bd](http://www.ccie.gov.bd)

নং- ২৬.০৩.০০০০.০০২.০৪.০১২.১৬- ৩৯৪(৯-৫)

তারিখঃ ০২ আষাঢ় ১৪২৩  
১৬ জুন ২০১৬

অফিস আদেশ

বাণিজ্য মন্ত্রণালয়ের ০১/০৬/২০১৬ তারিখের ২৬.০৩.০০০০.০৮৬.১১.০০৪.১৫-৫০৫ সংখ্যক প্রজ্ঞাপন এর প্রেক্ষিতে নিম্নে বর্ণিত নির্বাহী অফিসারগণ ১৫/৬/২০১৬ তারিখ পূর্বাঙ্কে আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তরে যোগদান করেছেন। যোগদানকৃত কর্মকর্তাদের যোগদানপত্র গ্রহণপূর্বক পুনরাদেশ না দেয়া পর্যন্ত তাঁদের নামের পাশে বর্ণিত দপ্তরে বদলী/পদায়ন করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম ও পদবী                    | বদলী/পদায়নকৃত দপ্তর                              |
|--------|--|---|
| ১      | জনাব মফিজুল সরদার, নির্বাহী অফিসার       | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। |
| ২      | " প্রশান্ত বিশ্বাস, নির্বাহী অফিসার      | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।        |
| ৩      | " ফাহিমদা ছিফাত, নির্বাহী অফিসার         | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। |
| ৪      | " মোঃ সফিউল আলম, নির্বাহী অফিসার         | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।        |
| ৫      | " রেজাউল করিম, নির্বাহী অফিসার           | আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা। |
| ৬      | " রায়হানা তাসমিন আহমেদ, নির্বাহী অফিসার | আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।        |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(মোঃ জিয়াউর রহমান)

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

[controller.chief@yahoo.com](mailto:controller.chief@yahoo.com)

ফোন: ৯৫৫২২১৬

নং- ২৬.০৩.০০০০.০০২.০৪.০১২.১৬-

তারিখঃ আষাঢ় ১৪২৩  
জুন ২০১৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মালিবাগ, ঢাকা।

২। নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

৩। সংশ্লিষ্ট কর্মকর্তা জনাব-----।

৪। সহকারী নিয়ন্ত্রক, শাখা-৪, সদর দপ্তর, ঢাকা।

৫। ব্যক্তিগত সহকারী, প্রধান নিয়ন্ত্রক।

(মোঃ জিয়াউর রহমান)

সহকারী নিয়ন্ত্রক

আমদানি ও রপ্তানি প্রধান নিয়ন্ত্রকের পক্ষে, ঢাকা।

ole